গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১১.০১৪.১৯.**২৭১**

তারিখ: ২৩ মাঘ ১৪২৮
০৬ ফেব্রুয়ারি ২০২২

**বিষয়: আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয়।**

সূত্র: ১. জেলা পরিষদ, মাগুরা এর স্মারক-জেপমা/২০২১/২-১০/৭২৮, তারিখ: ১৩ অক্টোবর ২০২১।
২. অর্থ বিভাগের স্মারক-০৭.০০.০০০০.১২৯.০০.০০১.২০-০৯, তারিখ: ১৩ জানুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে মাগুরা জেলা পরিষদের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় নিম্নবর্ণিত সেবা ক্রয়ে নির্দেশক্রমে অনুমতি জ্ঞাপন করা হলো:

| ক্রমিক | সেবার নাম ও ক্যাটাগরি | সেবার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মালী (ক্যাটাগরি-৪) | ১(এক)টি | জেলা পরিষদ ক্যাম্পাস এবং সদর ডাকবাংলো ক্যাম্পাসে অবস্থিত ফুলের বাগান পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের জন্য |
| ২. | কুক (ক্যাটাগরি-৪) | ১(এক)টি | জেলা পরিষদ এবং সদর ডাকবাংলোর জন্য |
| ৩. | কেয়ারটেকার (ক্যাটাগরি-১) | ১(এক)টি | মহাম্মদপুর ডাকবাংলোর জন্য |
| | মোট= | ৩(তিন)টি | |

**শর্তাবলী:**

(ক) মাগুড়া জেলা পরিষদের নিজস্ব আয় হতে উক্ত সেবা ক্রয়ের ব্যয় নির্বাহ করতে হবে; এ জন্য অর্থ বিভাগ হতে কোন অর্থ বরাদ্দ প্রদান করা হবে না।

(খ) উপরোক্ত সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর বিধানাবলী অনুসরণ করতে হবে।

(গ) অর্থ বিভাগের আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ এবং ১০ জুন, ২০১৯ খ্রিঃ তারিখের ২৫৯নং পরিপত্র অনুসরণ করতে হবে।

(ঘ) মাগুড়া জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান আউটসোর্সিংযোগ্য ০৩টি শূন্য পদ বিলুপ্ত করতে হবে। বিদ্যমান অন্যান্য পদের মধ্যে আউটসোর্সিংয়ের মাধ্যমে সেবা ক্রয়যোগ্য পদসমুহ অবসর/মৃত্যু/পদত্যাগ/অন্য কোন কারণে শূন্য হলে সাংগঠনিক কাঠামো থেকে তা বিলুপ্ত করে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয় করতে হবে এবং

(ঙ) এ বিষয়ে প্রচলিত অন্যান্য বিধি বিধান, নিয়মাবলী ও আনুষ্ঠানিকতা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

৬.২.২০২২
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মাগুরা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।